# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৫৬

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب أَشْرَاط السَّاعَة)

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَكُونُ اخْتِلَافٌ عِنْدَ مَوْتِ خَلِيفَةٍ فَيَخْرُجُ رَجُلٌ مِنْ أَهْلِ الْمَدِينَةِ هَارِبًا إِلى مكةَ فيأتيه الناسُ من أهل مَكَّة فيخرجوه وَهُوَ كَارِه فيبايعونه بَين الرُّكْن وَالْمقَام يبْعَث إِلَيْهِ بَعْثٌ مِنَ الشَّامِ فَيُخْسَفُ بِهِمْ بِالْبَيْدَاءِ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ فَإِذَا رَأَى النَّاسُ ذَلِكَ أَتَاهُ أَبْدَالُ الشَّامِ وَعَصَائِبُ أَهْلِ الْعِرَاقِ فَيُبَايِعُونَهُ ثُمَّ يَنْشَأُ رَجُلٌ مِنْ قُرَيْشٍ أَخْوَالُهُ كَلْبٌ فَيَبْعَثُ إِلَيْهِمْ بَعْثًا فَيَظْهَرُونَ عَلَيْهِمْ وَذَلِكَ بَعْثُ كلب وَيعْمل النَّاسِ بِسُنَّةِ نَبِيِّهِمْ وَيُلْقِي الْإِسْلَامُ بِجِرَانِهِ فِي الْأَرْضِ فَيَلْبَثُ سَبْعَ سِنِينَ ثُمَّ يُتَوَفَّى وَيُصَلِّي عَلَيْهِ الْمُسلمُونَ» . رَوَاهُ أَبُو دَاوُد

اسناده ضعیف ، رواہ ابوداؤد (4286) * قتادۃ مدلس و عنعن ۔

(ضَعِيف)

বাংলা

৫৪৫৬-[২০] উম্মু সালামাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: (শেষ যামানায়) একজন খলীফার মৃত্যুর সময় লোকেদের মধ্যে দ্বিতীয় খলীফাহ নিয়োগের ব্যাপারে মতবিরোধ দেখা দেবে। তখন মদীনাহ্ থেকে এক ব্যক্তি বের হয়ে মক্কার দিকে ছুটে পলায়ন করবে। এ সময় মক্কাবাসীরা তার নিকট এসে তাকে বলপূর্বক ঘর হতে বের করে আনবে। কিন্তু সে তা পছন্দ করবে না। অতঃপর হাজারে আসওয়াদ ও মাকামে ইবরাহীমের মধ্যবর্তী স্থানে লোকেরা তার কাছে বায়’আত গ্রহণ করবে। এরপর সিরিয়া থেকে একটি সৈন্যবাহিনী তাঁর বিরুদ্ধে যুদ্ধ করার জন্য পাঠানো হবে। কিন্তু মক্কাহ্ ও মদীনার মাঝামাঝি ’বায়দা’ নামক স্থানে তাদেরকে মাটিতে পুঁতে ফেলা হবে। অতঃপর যখন চতুর্দিকে এ খবর ছড়িয়ে পড়বে এবং লোকেরা বাস্তবে এ অবস্থা দেখতে পাবে, তখন সিরিয়ার ’আবদালগণ এবং ’ইরাকের এক বিরাট দল তার নিকট আসবে এবং তার হাতে বায়’আত

করবে। অতঃপর কুরায়শের এক লোক যার একদল সৈন্য পাঠাবে, ইমামের সেনাবাহিনী তাদের ওপর জয় লাভ করবে। এটাই ’ফিতনায়ে কালব’। ইমাম মানুষের মধ্যে তাদের পয়গাম্বর (মুহাম্মাদ সা.)-এর সুন্নাত মোতাবেক কাজকর্ম পরিচালনা করবেন এবং পৃথিবীতে ইসলাম পূর্ণাঙ্গভাবে প্রতিষ্ঠিত হবে। তিনি সাত বছর এ অবস্থায় অবস্থান করবেন। অতঃপর ইন্তিকালের পর মুসলিমগণ তার জানাযাহ্ আদায় করবেন। (আবু দাউদ)

## ফুটনোট

য'ঈফ: আবু দাউদ ৪২৮৬, যঈফাহ্ ১৯৬৫, আবু খলীলের সাথি (সহিব) মাজহুল, য'ঈফাহ্ ১৯৬৫; য'ঈফুল জামি ৬৪৩৯, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৭৬৯, মুসনাদে আহমাদ ২৬৭৩১, আবু ইয়া'লা ৬৯৪০, সহীহ ইবনু হিব্বান ৬৭৫৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৯৩৬৭, আল মু'জামুল আওসাত্ব ১১৫৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আলী (রাঃ) হতে হাসান সনদে বর্ণিত রয়েছে যে, সিরিয়া থেকে ইমাম মাহদীর আনুগত্য স্বীকার করবেন একদল আল্লাহভীরু ব্যক্তিবর্গ যারা সংখ্যায় চল্লিশজন হবেন। যখন তাদের মধ্য হতে কেউ মারা যাবে আল্লাহ তা'আলা তার স্থলে অন্যজনকে তাঁর স্থলাভিষিক্ত করবেন এবং আল্লাহ তা'আলা তাদের ওপর বৃষ্টি বর্ষণ করবেন। আর তাদেরকে শত্রুদের ওপর সাহায্য করবেন। এ হাদীসটি আহমাদ বর্ণনা করেছেন। আল আযীযী ও মান্নাবী (রহিমাহুল্লাহ) হাসান সনদে অনুরূপ বর্ণনা করেছেন। মান্নাবী (রহিমাহুল্লাহ) বলেন: হাকিম-এর বর্ণনায় কিছু বর্ধিত রয়েছে যে, সে সকল লোকজন (উল্লেখিত ৪০ জন) সালাত, সিয়াম কিংবা তাসবীহ পাঠের কারণে অন্যদের থেকে অগ্রগামী হয়নি। বরং তারা উত্তম চরিত্র সততা, বিশুদ্ধ নিয়্যাত, প্রশান্ত হৃদয়ের হওয়ার জন্য তারা অন্যদের থেকে অগ্রগামী হয়েছে। তারাই আল্লাহর দল। ('আওনুল মা'বুদ ৭ম খণ্ড, ৩৫১ পৃ., হা, ৪২৮০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85434

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন